

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

মোঃ আব্দুল হাশেম মিয়া

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.২৭.০২৬.১৮- ৫২৮

তারিখ: ০৯/৬/ ১৪২৫
২৪/৯/ ২০১৮

আদেশ

যেহেতু, জনাব মো: শাহ নেওয়াজ (সাময়িক বরখাস্ত), ডাটা এন্ট্রি অপারেটর, উপজেলা রিসোর্স সেন্টার, গলাচিপা, পটুয়াখালী প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮-এ পটুয়াখালী জেলার দুমকী উপজেলার ছাত্র-ছাত্রীদের নম্বর এন্ট্রির সময় ১১৪৯ রোলকারী পরীক্ষার্থীর বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বৃদ্ধি করে ৮০ কে ৯৮, গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর ৯১ কে ৯৮, বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ে প্রাপ্ত নম্বর ৭৪ কে ৯৮, প্রাথমিক বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর ৮৫ কে ৯৮ এবং ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়ে প্রাপ্ত নম্বর ৯০ কে ৯৮ হিসেবে এন্ট্রি করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায়; এবং

যেহেতু, অভিযোগসমূহ আমলে নিয়ে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে গত ৩০.০৫.২০১৮ তারিখে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি ২৪.০৬.২০১৮ তারিখে বিভাগীয় মামলার জবাব দাখিল করেন, ১৫.০৭.২০১৮ তারিখে তাঁর ব্যক্তিগত গুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত গুনানিতে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রতিভাত হলেও বর্ণিত নম্বর যথাসময়ে সংশোধন করে ফলাফল প্রকাশ করায় সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: শাহ নেওয়াজ (সাময়িক বরখাস্ত), ডাটা এন্ট্রি অপারেটর, উপজেলা রিসোর্স সেন্টার, গলাচিপা, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) উপবিধি মোতাবেক তিরস্কার দণ্ড প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মো: সাবের হোসেন

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯

Email: diradmindpe@gmail.com

তারিখ: ০৯/৬/ ১৪২৫
২৪/৯/ ২০১৮

স্মারক নং : ৩৮.০১.০০০০.৩০০.২৭.০২৬.১৮- ৫২৮/৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. সহকারী পরিচালক (পার্ট: ও গবে:), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. সুপারিনটেনডেন্ট, পিটিআই, পটুয়াখালী।
৬. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গলাচিপা, পটুয়াখালী (সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরি বহিতে উক্ত আদেশটি লিপিবদ্ধ করার জন্য বলা হলো)।
৭. পরিচালক-প্রশাসন মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক-প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. জনাব মো: শাহ নেওয়াজ (সাময়িক বরখাস্ত), ডাটা এন্ট্রি অপারেটর, উপজেলা রিসোর্স সেন্টার, গলাচিপা, পটুয়াখালী।
৯. সংরক্ষণ নথি।

- প্রোগ্রামার-১
সহঃ প্রোগ্রামার-১
সহঃ প্রোগ্রামার-২
সহঃ মাইনঃ ইঞ্জিনিয়ার-১
সহঃ মাইনঃ ইঞ্জিনিয়ার-২

সিস্টেম ম্যানেজার

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৮৮০